06/04/2012

বর্তমান

নিজস্ব প্রতিনিধি, কলকাতা:

এদিনই শ্রমমন্ত্রী মহাকরণে তাঁর চেম্বারে পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদের ওয়েবসাইটের উদ্বোধন করেন। ওয়েবসাইটের মাধ্যমে শ্রমিকরা সমস্ত তথ্য জানতে পারবেন। শ্রমমন্ত্রী বলেন, পর্ষদের দীঘা, বকখালিতে হলিডে হোম আছে। পুরী, গ্যাংটকে ভাড়া নিয়ে হলিডে হোম চলছে। ওই সমস্ত হোমের জন্য অনলাইন বুকিং করার সুযোগ পাবেন সকলে। শ্রমিকরা কল্যাণ পর্ষদের জন্য ৩ টাকা এবং মালিকরা ৬ টাকা করে দেন। শ্রমজীবী মানুষের জন্য ফান্ড রয়েছে। সেই ফান্ড দিয়ে শ্রমিকদের নানা সুযোগ সবিধা দেওয়া হয়। যেমন অসুস্থ হলে এবং শ্রমিকদের ছেলেমেয়েদের পড়াশুনোর স্টাইপেন্ড দেওয়া হয়। শ্রমিকরা যাতে এই কল্যাণ পর্ষদ সম্পর্কে সব কিছু জানতে পারেন, তার জন্য এই ওয়েবসাইট করা হল। ওয়েবসাইটের ঠিকানা হল, www.wblwb.org। এদিন শ্রমিক কল্যাণ পর্ষদের এক বৈঠক করেন শ্রমমন্ত্রী।